গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**২০১৫ হজ্জ মৌসুমে বাংলাদেশের সরকারি হজ্জযাত্রীর ৫০০০ কোটা বৃদ্ধির ফলে ঐ সকল হজ্জযাত্রী সৌদি আরবে প্রেরণ করার জন্য মক্কা, মদীনায় বাড়ীভাড়া, বাংলাদেশ বিমান ও সৌদি এয়ারলাইন্স কর্তৃক টিকেট প্রাপ্তিসহ অন্যান্য আনুষাঙ্গিক কার্যক্রম সম্পন্ন করার ক্ষেত্রে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ অধ্যক্ষ মতিউর রহমান, মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
স্থান ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং-৬, কক্ষ নং-১৫১৫)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
তারিখ ঃ ১০.০৯.২০১৫ খ্রিঃ
সময় ঃ দুপুর ০২.৩০ টা

আলোচনা ঃ

সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি মহোদয় সভায় কাজ শুরু করার জন্য সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে আহবান জানান। সচিব মহোদয় সভায় অবহিত করেন যে, কাউন্সিলর (হজ্জ), জেদ্দা, সৌদিআরব ০৯/০৯/২০১৫ তারিখে পত্রের মাধ্যমে জানিয়েছেন যে, মোয়াচ্ছাছা চেয়ারম্যান তাকে টেলিফোনে অবহিত করেছেন যে, এ বছর বাংলাদেশি সরকারি হজ্জযাত্রী কোটা ৫০০০ বৃদ্ধি করা হয়েছে। তবে এ বিষয়ে হজ্জ মন্ত্রণালয় হতে কোন পত্র পাওয়া যায়নি। এছাড়া একই ০৯/০৯/২০১৫ তারিখ আরেকটি পত্রে জানানো হয়েছে যে, কোটা বর্ধিত এ ৫০০০ হজ্জযাত্রীর জন্য মক্কা মদিনায় নতুন বাড়ি ভাড়া করতে হবে এবং তার রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে হবে। অত:পর অনলাইনে ভিসা-লজমেন্ট করতে হবে। সৌদি ক্যালেন্ডার অনুযায়ী ১৭/০৯/২০১৫ তারিখ সর্বশেষ হজ্জ ফ্লাইট জেদ্দা বিমানবন্দরে অবতরণ করবে। ফলে নতুনভাবে হজ্জ পালন প্রত্যাশি হজ্জযাত্রীদের যাবতীয় কাজ এ সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

মতামত ঃ

ভিসা লজমেন্ট বিষয়ে আইটির মতামত জানতে চাইলে জাহিদুল হাসান, বিজনেস অটোমেশন লিঃ এর ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও জানান যে, ভিসা প্রক্রিয়াকরণ পূর্বের ন্যায় ম্যানুয়াল পদ্ধতিতে করতে সৌদি অ্যাম্বাসী রাজী হলে ৩/৪ দিনের মধ্যে ভিসা লজমেন্ট সম্ভব হবে। কোটা বর্ধিত এ ৫০০০ হজ্জযাত্রীদের পুলিশ ভেরিফিকেশনের বিষয়ে জিজ্ঞাসা করলে এসবির পক্ষ থেকে প্রস্তাব করা হয় যে, ৫০ বছরের উর্দ্ধে হজ্জযাত্রীদের পুলিশ ভেরিফিকেশন ছাড়াই ভিসা-লজমেন্ট করার অনুমতি দেওয়া হলে দ্রুততার সাথে সকল হজ্জযাত্রীদের হজ্জে প্রেরণ সম্ভব হবে। এ পর্যায়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী পুলিশ ভেরিফিকেশনের জন্য বয়সের সীমা ৪০ বছর নির্ধারণের সুপারিশ করেন। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

কোটা বর্ধিত ৫০০০ হজ্জযাত্রীর বাড়িভাড়া কিভাবে হবে এ প্রসংগে সচিব মহোদয় জানতে চাইলে হাবের মহাসচিব শেখ আব্দুল্লাহ জানান যে, বাড়ি ভাড়া করার দায়িত্ব হাব নিতে রাজী আছে। এ পর্যায়ে হাবের প্রাক্তন সভাপতি জনাব জামাল উদ্দিন সভায় অবহিত করেন যে, মক্কায় ৬৫০০ হজ্জযাত্রী ধারণ ক্ষমতা সম্পন্ন ৩ তারকা মানের হোটেল/বাড়ী ভাড়ার বিষয়ে সহযোগিতা করার নিশ্চয়তা প্রদান করবেন। মদিনায় বাড়ি ভাড়ার বিষয়টিও তারা সহযোগিতা করার নিশ্চয়তা প্রদান করবেন।

অতিরিক্ত কোটা বর্ধিত এ ৫০০০ হজ্জযাত্রী কিভাবে ঢাকা থেকে জেদ্দায় পরিবহন করা হবে সে বিষয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব আ.ক.ম জিয়াউল হক, যুগ্মসচিব জানান যে,

সে সকল হজ্জযাত্রী পরিবহন করতে হলে সৌদি সরকার কর্তৃক স্লটের অনুমতি নিতে হবে এবং অতিরিক্ত ফ্লাইটের প্রয়োজন হবে। কারণ সিডিউল ফ্লাইটে ইতোমধ্যে বুকিং দেওয়া আছে। বিমানের পরিচালক (বিপনন ও বিক্রয়) জনাব শাহনেওয়াজ জানান যে, ১৩/০৯/২০১৫ তারিখে দুটি ফ্লাইট পাওয়া যাবে এ প্রসঙ্গে বিমানের মহাপরিচালক, জনাব মোসাদ্দেক জানান যে, ১৩/০৯/২০১৫ ও ১৪/০৯/২০১৫ তারিখে ফ্লাইটে ২,৫০০ হজ্জযাত্রী পরিবহন করতে পারবে। সচিব মহোদয় জানান যে, ভিসা প্রক্রিয়া করতে সময় লাগবে বিধায় ফ্লাইট সিডিউল পিছাতে হবে। জনাব শাহনেওয়াজ বলেন যে, ১৫/০৯/২০১৫ ও ১৬/০৯/২০১৫ তারিখের হজ্জযাত্রীদের ১৩/০৯/২০১৫ ও ১৪/০৯/২০১৫ তারিখে শিফট্ করার জন্য হাবের প্রতি আহবান জানান। হাবের সভাপতি মোঃ ইব্রাহীম বাহার বলেন যে, এটি কোনক্রমেই সম্ভব হবে না কারণ হজ্জযাত্রীরা রাজী হবেন না। হাবের সাবেক সভাপতি জামাল উদ্দিন জানান যে, সৌদি এয়ারলাইন্স অবশিষ্ট ২৫০০ হজ্জযাত্রী পরিবহন করতে না পারলে অন্যান্য এয়ারলাইন্সে 3rd Carrer কে অনুমতি দেয়া যেতে পারে।

সৌদি এয়ারলাইন্স ৩০০০ হজ্জযাত্রী বহন করার বিষয়ে Country Manager এর সাথে সচিব মহোদয় আলাপ করেন। Country Manager জানান যে, ১৮/০৯/২০১৫ তারিখের পরে সৌদি সরকার হজ্জযাত্রী পরিবহনের আর অনুমতি দিবে না। এয়ারলাইন্স ১৬/০৯/২০১৫ ও ১৭/০৯/২০১৫ তারিখে ৩০০০ হজ্জযাত্রী পরিবহন করতে পারবে। তবে সেক্ষেত্রে Gaca এর অনুমতি গ্রহণের প্রয়োজন হবে।

পরিচালক, হজ্জ অফিস, ঢাকা সভায় জানান যে, সৌদি দূতাবাসে ভিসা লজমেন্টের কাজ ইতোমধ্যে বন্ধ করা হয়েছে যা পুনরায় চালু করার জন্য সৌদি দূতাবাসকে অনুরোধ করতে হবে। অতিরিক্ত কোটা বর্ধিত এ ৫০০০ হজ্জযাত্রী নির্বাচনের প্রক্রিয়া কি হবে জানতে চাইলে হাবের মহাসচিব জনাব শেখ আব্দুল্লাহ প্রাক্তন সভাপতি জনাব জামাল উদ্দিন এবং বর্তমান সভাপতি ইব্রাহিম বাহার মাননীয় মন্ত্রী মহোদয়ের নিজস্ব/প্রত্যক্ষ তত্ত্বাবধানে হজ্জযাত্রী নির্বাচনের প্রস্তাব করেন।

সভায় উপস্থিত সকলে এ প্রস্তাব সমর্থন করলে মাননীয় মন্ত্রী মহোদয় এ বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন।

পরিচালক, হজ্জ অফিস, ঢাকা প্রস্তাব করেন যে, অতিরিক্ত হজ্জযাত্রী প্রেরণের কাজ সুচারুরূপে সম্পন্ন করার জন্য তার কার্যালয়ের সকল কর্মচারীদের এ বছর হজ্জে গমন বাতিল করতে হবে।

সিদ্ধান্ত ঃ

১। সৌদি এয়ারলাইন্সকে ৩০০০ হজ্জযাত্রী পরিবহণের জন্য Country Manager কে মাননীয় মন্ত্রী ডি.ও পত্র দেবেন।

২। সৌদি দূতাবাসে ভিসা লজমেন্ট কার্যক্রম চালু রাখার জন্য মাননীয় মন্ত্রী মহোদয় ডি.ও পত্র দেবেন।

৩। বিমান ৩০০০ কোটা বর্ধিত হজ্জযাত্রী পরিবহণের ব্যবস্থা করবে।

৪। কাউন্সেলর (হজ্জ), মক্কা, সৌদিআরবে মক্কা ও মদিনায় বাড়িভাড়া করার বিষয়ে সহযোগিতা ও নিশ্চয়তা প্রদান করবে।

৫। বর্ধিত ৫০০০ হজ্জযাত্রী মাননীয় মন্ত্রী মহোদয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধানে নির্বাচিত হবে।

৬। বর্ধিত হজ্জযাত্রী কোটায় ৪০ বছরের অধিক বয়সের হজ্জযাত্রীদের পুলিশ ভেরিফিকেশনের প্রয়োজন হবে না।

আর কোন আলোচ্যসূচি না থাকায় মাননীয় মন্ত্রী মহোদয় সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

স্বাঃ/-
১০.০৯.২০১৫
(অধ্যক্ষ মতিউর রহমান)
মন্ত্রী
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৫ (অংশ-৪)-১৩৮১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল। (জৈষ্ঠতার ভিত্তিতে নহে) তারিখঃ ১০.০৯.২০১৫খ্রিঃ

১। মাননীয় মন্ত্রী, বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার, ঢাকা।
৫। অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা।
৬। জনাব মোঃ শহিদুজ্জামান, অতিরিক্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। কাউন্সেলর (হজ্জ), মক্কা আল মোকাররমা, সৌদিআরব।
৮। ব্যবস্থাপনা পরিচালক, ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৯। কান্ট্রি ম্যানেজার, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স, ঢাকা।
১০। পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
১১। বিশেষ পুলিশ সুপার, ইমিগ্রেশন, এয়ারপোর্ট, ঢাকা।
১২। বিশেষ পুলিশ সুপার, পাসপোর্ট (ভি,আর), মালিবাগ, ঢাকা।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, এয়ারপোর্ট, ঢাকা।
১৪। সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, কাওরান বাজার, ঢাকা।

১০/০৯/১৫

(বেগম হাসিনা শিরীন)
সহকারী সচিব (হজ্জ)
ফোন ঃ ৯৫৮৫২০০।

shahin computer:d:drive:rajib:rejulation-14